



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে 'বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস' অন্তর্ভুক্ত



দেশপ্রেমিক নাগরিক এবং মুক্তিযুদ্ধের ইতিহাস বিষয়ে আরো সচেতন করে তুলতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের বিভাগসমূহের জন্য আবশ্যিক পাঠ্যক্রম হিসেবে 'বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস' অন্তর্ভুক্ত করা হয়েছে। এ উপলক্ষে ৬ ডিসেম্বর-২০১৭, বুধবার, বেলা ১২টায় জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের উদ্যোগে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস-এর সঞ্চালনায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল, লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, কলা অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সিদ্ধার্থ শংকর জোয়ার্দার, মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি তরিকুল ইসলাম তুর্ষ বক্তব্য প্রদান করেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



বক্তব্য শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তর প্রদান করা হয়। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, জঙ্গিবাদ উত্থান রোধে, সত্যিকারের দেশ প্রেমিক ও সচেতন নাগরিক হিসেবে গড়ে তুলতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ 'বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস' বিষয়ে পাঠদানের উদ্যোগ গ্রহণ করেছে, যা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ৪০-তম সভায় এবং ৭৪-তম সিন্ডিকেট সভায় বিষয়টি অনুমোদিত হয়। ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে সকল বিভাগের শিক্ষার্থীদের কারিকুলামে এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।